

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০৬/২০০৬/১৮১

তারিখঃ ২৭/০৭/২০০৮ ইং

প্রেরকঃ দ্বিতীয় সচিব (কর-৮)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপকঃ মহা-পরিদর্শক নিবন্ধন,

বাংলাদেশ, ঢাকা।

বিষয়ঃ বণ্টননামা দলিল, ধর্মীয় উদ্দেশ্যে ওয়াস্ত ও দেবোত্তর সম্পত্তির দলিলে উৎসে কর আদায় প্রসংগে।

সূত্রঃ স্মারক নং- নিপ/বিবিধ/১০৫১৩, তারিখঃ ২৭/০৭/২০০৮।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লেখিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০৬/২০০৬/২৫১(১) তারিখঃ ০৫/১২/২০০৬ ইং এর মাধ্যমে ওয়াকফ দলিল ও বণ্টননামা দলিল নির্বিশেষে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে উৎসে আয়কর সংগ্রহ প্রযোজ্য বলে মতামত প্রদান করা হয়েছিল। আপনার প্রেরিত সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড বিষয়টি পুনরায় গভীরভাবে পরীক্ষা করেছে। সার্বিক বিষয়াবলী পরীক্ষা করে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উহার পত্র নং জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০৬/২০০৬/২৫১ (১) তারিখঃ ০৫/১২/২০০৬ ইং এর কার্যকারিতা এতদ্বারা রহিত করা হলো এবং নিম্নরূপ স্পষ্টিকরণ প্রদান করা হলোঃ

যেহেতু ওয়াকফ ও দেবোত্তর দান এবং বণ্টননামা দলিল রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ এর ১৭(১) ধারার যথাক্রমে Clause (a), Clause (aa) এবং Clause (f) এর আওতাভুক্ত এবং যেহেতু উক্ত Clause তিনটি আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৩H এর সাথে সংশ্লিষ্ট নয় সেহেতু ওয়াকফ, দেবোত্তর দান এবং বণ্টননামা দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে উৎসে আয়কর সংগ্রহ প্রযোজ্য নয়।

স্বাঃ/অস্পষ্ট

২৭/০৭/২০০৮

(মোঃ তোহিদুল ইসলাম)

দ্বিতীয় সচিব (কর-৮)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

স্মারক নং-নিপ/বিবিধ/১০৫৩৮ (৭২)

তারিখঃ ১৮/০৭/২০০৮ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরিত হইলঃ

১। আই, আর, ও পূর্ব/পশ্চিম।

২। জেলা-রেজিস্ট্রার,.....।

৩। প্রসাসনিক কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তর।

৪। শাখা প্রধান (উচ্চমান সহকারী)..... নিবন্ধন পরিদপ্তর।

স্বাঃ/অস্পষ্ট

২৮/০৭/২০০৮

(মুন্সী নজরুল ইসলাম)

মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতিদায়িত্ব)

বাংলাদেশ, ঢাকা।